গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
*www.mohfw.gov.bd*

নং-৪৫.১৩১.১৭২.০১.০০.০২২.২০১১-৫৬৮ তারিখঃ ০৮.০৯.২০১৩ খ্রিঃ

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় স্বাস্থ্য জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচীর (এইচপিএনএসডিপি) আওতায় হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট শীর্ষক ওপি ( কোড নং-৫-২৭১১-৫১৩০)-এর অনুকুলে ২০১৩-২০১৪ অর্থ বছরের এডিপিতে <u>বরাদ্দকৃত ৩৫৩০০.০০ লক্ষ টাকার বিভাজন অনুমোদন সংক্রান্ত।</u>

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় "হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট"(কোড নং-৫-২৭১১-৫১৩০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরের ২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের অধীন এডিপিতে বরাদ্দকৃত ৩৫৩০০.০০ লক্ষ টাকার নিম্নরূপ বিভাজনে নির্দেশক্রমে সরকারী অনুমোদন জ্ঞাপন করছি। মুলধন ও রাজস্বখাতের নিদিষ্ট ব্যয়খাত অনুসারে এই বিভাজন আদেশ জারী করা হয়েছেঃ

(লক্ষ টাকায়)

| ব্যয় কোড/ রাজস্ব খাত | | জিওবি | প্রকল্প সাহায্য | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | | আর পিএ (জিওবির মাধ্যমে) | অন্যান্য আরপিএ(ডেসা কোনটাসা সেফ ইমপেস্ট) | আরপিএ ব্যতীত প্রকল্প সাহায্য (ডিপিএ) | |
| ক. রাজস্ব ব্যয়ঃ | | | | | | |
| ৪৫০০ | অফিসারদের বেতন | ২৬০.০০ | - | - | - | ২৬০.০০ |
| ৪৬০০ | প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | ২০০.০০ | - | - | - | ২০০.০০ |
| ৪৭০০ | ভাতাদি | ৩৩০.০০ | - | - | - | ৩৩০.০০ |
| ৪৮০০ | সরবরাহ সেবা | ৬০১০.০০ | ৬৯০০.০০ | - | ৫০০.০০ | ১৩৪১০.০০ |
| ৪৯০০ | মেরামত ও সংস্কার | ২০০.০০ | ১৪০০.০০ | - | - | ১৬০০.০০ |
| ৫৯০০ | সাহায্য মঞ্জুরী | - | - | - | - | - |
| উপমোট রাজস্ব ব্যয়= | | ৭০০০.০০ | ৮৩০০.০০ | - | ৫০০.০০ | ১৫৮০০.০০ |
| খ. মূলধন ব্যয়ঃ | | | | | | |
| ৬৮০০ | সম্পদ সংগ্রহ/ক্রয় | ১০০০.০০ | ১৮৫০০.০০ | - | - | ১৯৫০০.০০ |
| ৬৯০০ | ভূমি অধিগ্রহণ/ক্রয় | - | - | - | - | - |
| ৭০০০ | নির্মাণ ও পূর্ত | | - | - | - | - |
| ৭৯০০-৭৯৭৯ | মূলধন খাতে সিডি ভ্যাট | - | - | - | - | - |
| উপ মোট মূলধন ব্যয়= | | ১০০০.০০ | ৮৫০০.০০ | - | - | ১৯৫০০.০০ |
| | সর্বমোট | ৮০০০.০০ | ২৬৮০০.০০ | - | ৫০০.০০ | ৩৫৩০০.০০ |

তবে শর্ত থাকে যে,

(ক) ৪৮০০ কোডে আরপিএ (জিওবি) বাবদ ৬৯০৩.২৭ লক্ষ টাকা অব্যয়িত থাকায় উক্ত কোডে ৬৯০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে ;

(খ) বিভিন্ন কোড ও সাব-কোড এর বিপরীতে গৃহীত বরাদ্দ বা ব্যয় ওপিতে ঐ কোড ও সাব-কোড এর বিপরীতে মোট অর্থ সংস্থানের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে, এর ব্যতয় হলে সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর দায়ী থাকবেন;

(গ) সংলগ্নী ৩০-এ জিওবি বাবদ ৪৮৬২/৩ ও ৬৮২১ কোডে ও আরপিএ(জিওবি) বাবদ ৪৮২৭, ৪৮২৯, ৪৮৩৩, ৪৮৪২, ৪৮৫২, ৪৮৫৪, ৪৮৫৬, ৪৮৯৯, ৪৯১৬, ৪৯৯১, ৬৮১৩ কোডে ওপি'র এ বছরের সংস্থানের চেয়ে অতিরিক্ত অর্থ বরাদ্দের , আরপিএ (জিওবি) বাবদ ৪৮৭১ কোডে ওপি'র ০৫ বছরের সংস্থানের চেয়ে অতিরিক্ত অর্থ বরাদ্দের এবং আরপিএ (জিওবি) বাবদ ৪৮৫২, ৪৮৫৪, ৪৮৫৬, ৪৮৯৯ কোডে ও জিওবি বাবদ ৬৮২১ কোডে অব্যয়িত অর্থের চেয়ে অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব রাখায় উল্লিখিত সাব-কোড সমুহে সাব কোড ভিত্তিক ওপি'র ৫ বছরের সংস্থানের মধ্যে বরাদ্দ সীমাবদ্ধ রাখতে হবে এবং উক্ত বরাদ্দ প্রতিফলন পূর্বক সংলগ্নী ৩০ প্রেরণ করতে হবে; এবং

(ঘ) ৩য় কিস্তির অর্থ ছাড়ের পূর্বেই আবশ্যিকভাবে হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (কোড নং-৫-২৭১১-৫১৩০) শীর্ষক ওপিটি সংশোধন পূর্বক এ পর্যন্ত গৃহীত কোড/সাব কোড ভিত্তিক বরাদ্দ সংশোধিত ওপিতে বছর ওয়ারী সংস্থানের মধ্যে প্রতিফলন করতে হবে।

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
*saspil@mohfw.gov.bd*

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং-৪৫.১৩১.১৭২.০১.০০.০২২.২০১১-৫৬৮/১(৮) তারিখঃ ০৮.০৯.২০১৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপ-সচিব (এফএমইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ( মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৬। সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব

(১৮)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
*www.mohfw.gov.bd*

নং-৪৫.১৭২.০২.০১.০০.০১৬.২০১১-৫৬৯ তারিখঃ ০৮.০৯.২০১৩ খ্রিঃ

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকিউরমেন্ট, লজিষ্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট (কোড নং- ৫-২৭১১-৫২০০) শীর্ষক ওপি-এর অনুকুলে ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে ১ম কিস্তির সিডিভ্যাট বাবদ অর্থ ছাড়করণ সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকিউরমেন্ট, লজিষ্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট (কোড নং ৫-২৭১১-৫২০০) শীর্ষক কর্মসূচির অনুকুলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে সিডিভ্যাট বাবদ বরাদ্দকৃত ৩০০০.০০ লক্ষ টাকা হতে মেডিকেল যন্ত্রপাতি, ভ্যাকসিন, জরুরী জীবন রক্ষাকারী ঔষধপত্র ও অন্যান্য মালামাল খালাসের জন্য সিডিভ্যাট বাবদ ৭৫০.০০ লক্ষ (সাত কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ০৫.০৮.২০১৩ তারিখের নং-৪৫.১৭২.০২.০১.০০.০১৬.২০১১-৪৯৬ সংখ্যক স্মারকে অনুমোদিত বিভাজন অনুযায়ী ছাড় করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করতে আদিষ্ট হয়েছি।

০২। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে উন্নয়ন বাজেটে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির প্রকিউরমেন্ট, লজিষ্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট শীর্ষক কর্মসূচি (কোড নং ৫-২৭১১-৫২০০) হতে বহন করা হবে।

০৩। নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এই অর্থ অনুদান/ বিনিয়োগ/ঋন হিসেবে মঞ্জুরী করা হল।

০৪। লাইন ডাইরেক্টর "প্রকিউরমেন্ট, লজিষ্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট "কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল দাখিল করতে হবে এবং শুল্ক আইনের ৩৪ নং ধারা অনুযায়ী কমিশনার অব কাস্টম, কাস্টম হাউজ শাখা, ঢাকা একাউন্ট কারেন্ট নং ০১/২০০২, এডভান্স রিসিপ্ট সি-২(১০২০), সোনালী ব্যাংক, কাস্টম হাউজ শাখা, ঢাকা এর অনুকুলে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার এবং কমিশনার অব কাস্টম, কাস্টম হাউজ চট্টগ্রাম একাউন্ট কারেন্ট নং ২৫২, সোনালী ব্যাংক, কাস্টম হাউজ শাখা, চট্টগ্রাম-এর অনুকুলে ৭,০০,০০,০০০/- (সাত কোটি) সর্বমোট ৭,৫০,০০,০০০/- (সাত কোটি পঞ্চাশ লক্ষ ) টাকা র চেক জারী করতে হবে। .

০৫। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত শর্তে জারী করা হলোঃ

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরনসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
(খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পন করতে হবে ;
(গ) সিডিভ্যাট বাবদ ছাড়কৃত অর্থ সিডিভ্যাট ব্যতিত অন্য কোন কাজে ব্যয় করা যাবে না;
(ঘ) উন্নয়ন প্রকল্প/ উন্নয়ন কর্মসূচির জন্য প্রকল্প সাহায্যের অর্থে মটরযান ক্রয়/ আমদানীর ক্ষেত্রে সিডিভ্যাট বাবদ ছাড়কৃত এ অর্থ ব্যয় করা যাবে না; এবং
(ঙ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
*saspil@mohfw.gov.bd*

নং-৪৫.১৭২.০২.০১.০০.০১৬.২০১১-৫৬৯/১(১২) তারিখঃ ০৮ .০৯.২০১৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ :আ: যুগ্ম-সচিব, বাজেট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা)
০২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
০৩। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা ।
০৪। যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
০৫। লাইন ডাইরেক্টর, প্রকিউরমেন্ট, লজিষ্টিক এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট, কেন্দ্রীয় ঔষধাগার, স্বাস্থ্য অধিদপ্তর, তেজগাও, ঢাকা।
০৬। কমিশনার অব কাস্টম, কাস্টম হাউজ, ঢাকা।
০৭। কমিশনার অব কাস্টম, কাস্টম হাউজ, চট্টগ্রাম।
০৮। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
১০। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কাস্টম হাউজ শাখা, ঢাকা/ চট্টগ্রাম।
১১। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১২। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। ।

08/9/2013

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব